

## Women Entrepreneurship in Energy 21<sup>rd</sup> June 2021

MEDIA DOSSIER:

Print Media: Prekshapat

Publication: Prekshapat	Date: 23.06.2021
Edition: Haldia	Page: 3



বর্ষ ২২ সংখ্যা ০২ ২৩ জুন ২০২১ ৮ আষাঢ ১৪২৮ দাম ২ টাকা http://www.facebook.com/prekshapat.in • Postal Regn. No. WB/TMK-17

## মহিলা উদ্যোক্তাদের উৎসাহ দিতে বেঙ্গল চেম্বার অব কমার্সের উদ্যোগ

উদ্যোত্তনরা কীভাবে আরও আয়ের সুযোগ পেতে পারেন, তাই নিয়ে ভার্ম্মালি বিজনেস অ্যাসোসিয়েট মিটের আয়োজন হল। ২১ জুন বেঙ্গল চেম্বার অব কমার্স এবং হলদিয়া রিফাইনারির সমন্বয়ে শক্তিক্ষেত্রে মহিলা উদ্যোক্তাদের ব্যবসায়িক ক্ষেত্রে উন্নতিকরণের জন্য এই মিটের আয়োজন করা হয়। অনুষ্ঠানে হলদিয়া রিফাইনারির এগজিকিউটিভ ডিরেক্টর পার্থ ঘোষ প্রধান বক্তন হিসেবে বলেন, "এই বৈঠক বিশেষত মহিলা উদ্যোত্তাদের উন্নতিকরণে এবং ব্যবসায়িক ক্ষেত্রে তাদের প্রতিষ্ঠিত করতে এবং দেশের আর্থসামাজিক পরিকাঠামো উন্নয়নে মহিলা উদ্যোক্তন তথা নারীশত্তির আরও সক্রিয়ভাবে অংশগ্রহণ।" তিনি বলেন, "নারীর অধিক আয়ের সুযোগসুবিধা তাদের পরিবারে শিক্ষা ও স্বাস্থ্যখাতে বিনিয়োগ করা ভাবতে শেখায়।" তিনি এমএসএমই সেক্টরের বিভিন্ন প্রচেষ্টার কথা উল্লেখ

নিজস্ব সংবাদপাতা, হলদিয়া : মহিলা করেন, যার মাধ্যমে মহিলা নেতৃত্বাধীন সংস্থাগুলি নিজেদেরকে যুক্ত করতে পারে এবং ইন্ডিয়ান অয়েল-ও এর অংশ হিসেবে তাদের পাশে থাকার অঙ্গীকার করে। মহিলা তথা নারীশক্তি পরিচালিত ব্যবসা পরিচালনায় তারা যেসকল বাধার সম্মুখীন হয়, সেগুলি অতিক্রম করে তারা যাতে সফলভাবে পাবলিক টেন্ডারে অংশগ্রহণ করতে পারে এবং জাতীয় উন্নয়নে অংশগ্রহণ করে, সে ব্যাপারে তিনি আশাবাদী। এই সেশনে অংশ নেন এনার্জি ও এনভায়রনমেন্ট কমিটির চেয়ারপার্সন এবং বেঙ্গল চেম্বার অব কমার্সের সহ-সভাপতি গৌতম রায়, মাইনলাইন সংস্থার ম্যানেজিং ডিরেক্টর ও পরামর্শদাতা নন্দিনী চক্রবর্তী, প্যাটারসন এনার্জি সংস্থার ডিরেক্টর বিদ্যা অমরনাথ, সাসটেনেবিলিটি সংস্থার ডিরেক্টর পৌলাইন লাভাভোরি সহ অন্যান্য প্রতিনিধিবর্গ। মহিলা উদ্যোক্তাদের সাথে প্রশ্নোত্তর সেশনও হয়।